

বিক্রমাব্দ

বিক্রমাব্দ বা বিক্রম সংবৎ শুরু হয় খ্রি.পূ. ৫৮ অব্দে। অভিলেখে ব্যবহৃত যুগ বা অব্দগুলির মধ্যে এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ও আধুনিক কাল পর্যন্ত শত শত অভিলেখে বিভিন্ন নামে উল্লিখিত হয়েছে। পশ্চিম ও উত্তর ভারতে (বঙ্গ বাদে) এই অব্দ ঐতিহাসিক পর্বে বহুল ব্যবহৃত।

খ্রিস্টীয় শতকের গোড়ায় ও অব্যবহিত পরের শতকগুলিতে এই অব্দ “কৃত” (রাজস্থানের কোটায় বড়ওয়া স্তূপ অভিলেখ), “মালব” (প্রথম কুমারগুপ্ত ও বন্ধুবর্মার নামসম্বন্ধিত মান্দাসোর অভিলেখ) ইত্যাদি নামে উল্লিখিত। মান্দাসোর অভিলেখে বলা হয়েছে- “মালবানাং গণস্থিত্যা”। খ্রি. নবম শতক থেকে এই অব্দকে “বিক্রমাব্দ” নামে অভিহিত হতে দেখা যায়। এ থেকে স্পষ্ট বোঝা যায়, কিংবদন্তীর রাজা বিক্রমাদিত্য কর্তৃক উজ্জয়িনী থেকে শকদের উচ্ছেদের স্মারক হিসাবে বিক্রমাব্দের প্রচলন হয়েছিল - এ কথাই কোন ঐতিহাসিক ভিত্তি নেই। বিক্রমাব্দের প্রকৃত ঐতিহাসিক উদ্ভব বহুদিন ধরে পণ্ডিতদের বিতর্কের বিষয় ছিল। কিন্তু অধুনা কিছু অভিলেখের আবিষ্কারের ফলে এই বিষয়ের উপর আলোকপাত ঘটেছে। বিশেষতঃ এ বিষয়ে বাজাউর অঞ্চল থেকে পাওয়া অভিলেখটি উল্লেখযোগ্য। এটি শক শাসক “অয”-এর রাজত্বকালে উত্কীর্ণ; এটি জারি করা হয়েছিল “অতীত [মৃত] মহারাজ অয”-এর নামাঙ্কিত অব্দের ৬৩তম বর্ষে, অর্থাৎ তৎকালীন শাসক (দ্বিতীয়) “অয”-এর থেকে তাঁকে পৃথক করা হচ্ছে। সুতরাং ঐ প্রথম “অয”-ই এই অব্দের প্রতিষ্ঠাতা। ব্রতীন্দ্রনাথ মুখোপাধ্যায় অনুপুঙ্খসহ বিশ্লেষণ করে দেখিয়েছেন, প্রথম অয (Azes I) তাঁর সিংহাসনপ্রাপ্তি তথা শাসনকালকে সূচনা করার সময় একটি অব্দ প্রচলন করেন যা তাঁর উত্তরসূরিগণ পরবর্তী আমলে বজায় রাখেন। ব্রতীন্দ্রনাথ অয-এর নামাঙ্কিত অব্দটির সূচনাকাল নির্দেশ করেন খ্রি.পূ. ৫৮/৫৭ সাল নাগাদ। এটিই ভারতীয় ইতিহাসে বিক্রমাব্দ নামে প্রসিদ্ধ হয়েছে। পরবর্তীকালে অভিলেখ ও পুথিতে অনেক সময় এই অব্দকে কেবল সংবৎ বা সংবৎসর বলেও উল্লিখিত হতে দেখা যায়।

সাধারণত বিক্রমাব্দের ক্ষেত্রে উল্লিখিত বছরগুলি সমতীত (expired) বলে ধরা হয়; ব্যতিক্রম বিরল। উত্তর ভারতে বিক্রমাব্দকে চৈত্রাদি ও দক্ষিণ ভারতে

কার্তিকাদি বলে গণনা করা হয়। মাসগুলি উত্তর ভারতে পূর্ণিমাস্ত, দক্ষিণে অমাস্ত।
বিক্রমাব্দকে খ্রিস্টাব্দে পরিবর্তিত করার জন্য লেখ্যে উল্লিখিত সাল থেকে ৫৭ বা
৫৬ বিয়োগ করতে হবে, কোন্ মাসের কথা বলা হচ্ছে তা মাথায় রেখে। আর
চলতি বিক্রমাব্দের ক্ষেত্রে ৫৮ বা ৫৭ বিয়োগ করতে হবে।